প্রথম প্রকাশ : ১৫ নভেম্বর ১৯৭১

# সংবাদ বিচিত্রা

SANGBAD BICHITRA

ONLY OFFICIAL NEWSPAPER OF CAB

প্রকাশনায় : বঙ্গ সংস্কৃতি সংঘ ▪ CULTURAL ASSOCIATION OF BENGAL ▪ NORTH AMERICA

Sangbad Bichitra - May 2026. Digital Version. Published by Cultural Association of Bengal, North America.

**Editorial Board :** Dilip Chakrabarti, Rupa Majumdar, Chitta Saha & Sudipta Chattopadhyay
**Advisory Board :** Dr. Amiya Banerjee & Mr. Asok Motayed

## President's Note



Dear Friends of CAB

In our last April issue of Sangbad Bichitra, you heard an update from our 2026 NABC Convenor, Milan Awon. We are less than two months away from NABC on July 2-5 at the Westchester County Center (WCC) in White Plains, New York. Our volunteer team is meeting multiple times a week to discuss and plan every detail and ensure a seamless event.

Our immediate needs are many: a) finishing visa (P3) applications and receiving approvals from the US State Department; b) finalizing the sound, lighting and audio-visual plan with the venue to meet the tech requirements for various high-end programs like our Bollywood program with Vishal Shekhar, the classical vocal presentation of 'Pankh' by Vidushi Kaushiki Chakrabarti and Director Santanu Maitra, and many others. We will also have 'Tin Bhubaner Pare' by Poulomi Bose, Saheb Chatterjee, Shovan Sunder Bose and Jay Dutta Gupta to pay tribute to the late Saumitra Chatterjee as well as a centenary exhibition on the life of Bengali film legend Uttam Kumar.

For the first time, we are hosting a book fair where leading publishers from Kolkata are coming with their recent major publications for our attendees. I hope our registrants check these publishers' stalls and find new Bengali books to take home!

No other conference outside West Bengali hosts the same number of high-quality programming as NABC. Like other years, all your favorite exhibitors are coming with the most recent styles in fashion including sarees, jewelry, kurtas. You'll also find exhibitors for musical instruments and luxury real estate developers from India!

Please do not hesitate to register for this event as soon as possible! While Standard tickets are still available, you can also help us raise the funds still needed to meet the high standard of quality we set for this event by purchasing a Donor or Sponsor level ticket. At the end, it is your contribution and presence that has made this magnificent event possible for almost 50 years! Please do your part by showing your earnest support to keep the grandeur of NABC for years to come. Please visit our website www.nabcapp.com and complete your registration and select your hotel based on your category and needs. I am looking forward to your presence and hope to make this NABC a memorable one.

Thank you and stay well with your loved ones.

Ashok Rakhit
President, Cultural association of Bengal, North America

## Executive Committee

Ashok Rakhit
President

Tapas Sanyal
Vice President

Indrasish Basuroychowdhury
Vice President

Biswa Bhattacharya
Vice President

Arpita Gupta
Treasurer

Partha S. Chakraborty
Secretary

Dipankar Chattopadhyay
Asst. Secretary

## Committee Members

Amit Ganguly
Lipika Mukhopadhyay
Sarmistha Chakraborty (Babli)
Sudipta Chattopadhyay (Buya)
Biman Ghosh
Kris Ghosh (Bappa)
Prithviraj Banerjee
Rupa Majumdar
Tapan K. Das

## Board of Trustees

Gopendu Chakrabarti
Chairperson

## Trustee Members

Abhik Dasgupta
Amiya Banerjee
Dilip Chakrabarti
Kallol Chattopadhyay
Milan Awon
Partha S. Chatterjee
Pranab Das
Ranadeb Sarkar
Sugata Bagchi
Surajit Sengupta


## Rules for submitting articles to Sangbad Bichitra

**Submit only one text at a time in any one category.**

**Send articles to this email : sangbadbichitra5@gmail.com**

1) Poems should be within 12-20 lines.
2) Short poems should be within 6-8 lines.
3) Short stories should be between 250-500 words.
4) Stories should be at least 1200 words but no more than 1500 words.
5) Essays/articles related to literature, science and social issues should be less than 500 (for an article) to 1000 (for an essay) words.
6) News form within your local community about art, culture, etc. should be within 100-500 words. Success stories of your next generation young members on any arena can be shared.
7) The text should be formatted in Avro font and stored as a MS Word (.docx) file. Handwritten content, an image (like JPEG or a PDF) file are not suitable formats and submissions will not be accepted.
8) Content should be previously unpublished and original.
9) Content should be free from typographical and grammatical errors.
10) Any content directly commenting on a political party, religion, caste, nation or a particular individual in a biased positive or negative manner will not be accepted for publication.

- Please understand that if the submitted content does not confirm to the guidelines set forth above (especially word limit), it will not be accepted for publication (due to space constraints of a 16-page magazine).

- This is a publication focused on community(ies) and our main aim is to publish news from any organization that promotes Bengali art and culture. As local Bengali organizations submit content to us, we will strive to publish items accordingly.

- Your opinion is important to us : Please provide your review (via email) of the contents of "Sangbad Bichitra" as it tackles pertinent subjects and viewpoints and their manner of presentation. If there is any room for improvement, please do not hesitate to describe them briefly and we shall publish your feedback in our subsequent edition.


## Advertisement Rates for Sangbad Bichitra - 2025

| (Color – Back Page) | | 1 Issue | 1/2 Yearly | Yearly |
|---|---|---|---|---|
| Full Page | (14 x10 inch) | $250 | $1,500 | $2,500 |
| 1/2 Page | (10 x 7 inch) | $150 | $750 | $1,250 |
| 1/4 Page | (5 x 4 inch) | $100 | $500 | $1,000 |
| 1/8 Page | (5 x 2 inch) | $50 | $250 | $500 |

| (Color – Inside) | | 1 Issue | 1/2 Yearly | Yearly |
|---|---|---|---|---|
| Full Page | (14 x10 inch) | $150 | $1,000 | $2,000 |
| 1/2 Page | (10 x 7 inch) | $100 | $500 | $1,000 |
| 1/4 Page | (5 x 4 inch) | $75 | $250 | $500 |
| 1/8 Page | (5 x 2 inch) | $35 | $150 | $300 |

- Minimum three (3) issues.
- Payment is required in advance.
- Make check payable to : CAB
- Mail to : Cultural Association of Bengal
- Address : Arpita Gupta - Treasurer
  20, Cambridge Road, Lafayette NJ-07848, U.S.A
- Zelle to : 516-965-5277

46th North American Bengali Conference

# NABC

A Platform of Pride

2026 New York JULY 2,3,4 &5

Westchester County Center

White Plains : New York : USA

198 Central Avenue

For more information visit : nabcapp.com

REGISTER NOW!

The Ultimate Bong Experience

CAB

Hosted by Cultural Association of Bengal & Partner Organizations

Email info@nabcapp.com, nabcnewyork@gmail.com

| General Registration | |
|---|---|
| A. Single: | 250 USD |
| B. Couple ( Husband & Wife): | 400 USD |
| C. Kid ( 4 to 12 years ) | 50 USD |
| D. Student ( With valid Student ID) | 150 USD |
| E. Teen with parents | 100 USD |

All special-case & any requests must be submitted in writing to: support@nabcapp.com

## Benefit of General Registration

All attendees at NABC 2026 register under general registration will have access to all programs and visit all
exhibitions, shows, seminars, pavilions.

- Hotel available at special rate for NABC 2026.

Attendees will be able to take part in all participatory programs including contest, special workshops, if accepted by program directors and additional entry fees if any.
Couple discount applied.

- Student discount applicable.
- Name will appear in list of attendees.

BECOME A SPONSOR

## SPONSORS OVERVIEW

### BE A PROUD SPONSOR EXPERIENCE EXCLUSIVE PRIVILEGE AT NABC 2026

**Benefactor Sponsor:** 1,200 USD (2 Adults, 1 Night Hotel)
**Donor Sponsor :** 2,500 USD (2Adults,, 3 nights Hotel, 2 for 5 meals)
**Premium Donor Sponsor :** 2,800 USD (2 Adult + 2 Kid, Meet & greet, 3 nights Hotel, 2 for 5 meals)
**Bronze Sponsor:** 3,500 USD (2 Adult + 2 Kid, Meet & greet, 4 nights Hotel, 2 for 5 meals)
**Silver Sponsor:** 5,000 USD (3 Adult + 2 Kid, Meet & greet, , 4 nights, 10 adults +10 kid meals)
**Gold Sponsor:** 10,000 USD (4 Adult+2 Kid, Meet & greet, 2 room,4 Nights, 20 adults+ 10 kid meals)




46th North American Bengali Conference 2026
On 2, 3,4 & 5 July
At Westchester County Center, NY
THE GREATEST SHOWS
Sunday Bollywood Dhamaka
VISHAL & SHEKHAR
LIVE IN NABC 2026
VISHAL SEKHAR
Saturday Night Spectacular
SHANTANU MOITRA
KAUSHIKI CHAKRABORTY
MAJIC OF PANCHAM promises to be a memorable highlight of NABC 2026, honoring the legacy of one of India's greatest composers while reconnecting audiences with the magic of a musical era that continues to live on in the hearts of millions.
Opening Ceremony
EKATVAM
Closing Ceremony
An Awakened World
100 Years of Mahanyak Uttam Kumar
Centenary Celebration of MAHANAYAK UTTAM KUMAR
In participation :
Jisshu Sengupta
Gourab Chattopadhyay
Devlina Kumar
YODHINI
NABC Saturday Night Spectacular


Hurry Up Register Online
Don't Miss Out – Register Now
NABC
IFFA
NABC
International
Film Festival
& Award
ENTRY CATEGORIES
- Waiting for release
- Critically acclaimed
- Global Premiere
- Retrospective
- Special Selection
SECTIONS
- Full length Cinema
- Short Films
- Documentaries
- OTT originals
www.nabcapp.com
NABC
2026
New York
NABC IFFA
GOLDEN EAGLE FILM AWARD
The NABC International Film Festival & Award in North America aims to celebrate and recognize the art of cinema and storytelling across Bengali tradition, culture, literature, ideology, society, history, and other aspect of life. The festival includes motion pictures and audio-visual media released in theatre and publicly available streaming platforms.
The festival serves as a platform for filmmakers, producers, directors, actor, actress, writers, technicians, and other contributors from around the world including India, Bangladesh to showcase their creative works, fostering cultural exchange and artistic collaboration.
BRAND AMBASSADOR of NABC IFFA
Superstar RITUPARNA SENGUPTA
CONTACT www.nabcapp.com
For festival entry & screening.
Sarbori Chowdhury : +1 480 677 9518
Krish Ghosh [ Bappa ] : +1 718 755 2007
Reshmi Mitra : +91 9831904682
Aparna Dasgupta : + 1 650 534 4502


Magic of PANCHAM
A Musical Tribute to the Legendary composer of India RD Burman
SHOLAY
The ensemble features Kishore Sodha, the original trumpet player who performed with R. D. Burman himself. His presence brings a unique historical
Featuring Legendary KISHOR SODHA The TRUMPET KING of India.
The original trumpet player of RD Burman's music team. Known for the famous title track of SHOLAY & other famous musical scores.
MAGIC OF PANCHAM is a grand musical tribute celebrating the timeless music and creative genius of legendary composer R. D. Burman, fondly known to millions as Pancham Da.
The show will take audiences on an immersive musical journey through Pancham's extraordinary repertoire that transformed the landscape of Indian film music. Known for his bold experimentation, innovative orchestration and fusion of Indian and global musical influences.
The tribute will showcase a dynamic lineup of celebrated vocalists including
Anook Dhar,
Subhadeep Daschowdhury,
Tripty Dey, Chandrika Bhattacharya,
Manasi Ghosh,
Trisha Chatterjee.




NABC 2026
New York, USA
North American Bengali Conference
SAODAGARER NOUKA
সওদাগরের নৌকা
Drama: Ajitesh Bandyopadhyay
Music, Acting & Direction: Parthapratim Deb
PRESENTATION
is a group of talented artists from New Jersey.


NABC
NABC IDOL
A Talent Hunt Contest for Young
NABC
2026 New York


MOUSUMI HOSSAIN
TASLIMA NASRIN

# *46th North American Bengali Conference*
## *NABC 2026*
### *At Westchester County Center, White Plains, NY2 - 5 July*

**THE MOST FAMOUS CELEBRITIES & ARTISTS**

Kaushiki Chakraborty, Vishal Dadlani, Shekhar Ravjini, Shantanu Moitra, Amzad Aki Khan, Aneek Dhar, Chandrima Roy, Koyel Mallick, Jissue Sengupta, Deblina Kumar, Gourab Chatterjee, Joy Sankar, Mayuri Saha, Poulami Chatterjee Bose, Saheb Chatterjee, Joy Dutta Gupta , Taslima Nasrin,, Trijoy Dev Dey, Chandrika Bhattacharya, Aditi Munshi, Manashi, Parthapratim Deb, Shovansundar Bosu, Subhadeep Das Chowdhury, Tanmoy Bose

**TRAVEL WITH EASE! SHUTTLE BUSES WILL RUN EVERY 15 – 20 MINUTES DURING MORNING, EVENING, AND NIGHT PRIME HOURS, CONNECTING THE VENUE AND OUR AFFILIATED HOTELS.**

## SPECIAL ACCOMMODATION OFFER FOR STANDARD REGISTRANTS.
### *(Registration for Couples, Single & Student)*

We are pleased to inform you that after extensive negotiations with our hotel partners, we have secured a limited number of additional rooms under the standard registration category. Please note that these rooms must be booked exclusively through our registration team in order to avail the benefit of tax savings, as we are a tax-exempt 501(c) organization. The hotel booking window is now reopened, and we encourage you to complete your reservations through our registration team at the earliest, as availability remains limited.



Sonesta White Plains Downtown

**For General Registrants**
6 Hale Avenue, White Plains, NY
Distance from Venue : 1.6 miles
Travel Time: 7 Minutes by Car



**Hampton Inn White Plains**

**For General Registrant**
200 West Main Street, Elmsford, NY, 10523, US
Distance from Venue : 3.1 Miles
Travel Time : 7 minutes by car



**Springhill suites**

**For General Registrant**
480 White Plains Road
Tarrytown, New York, USA, 10591
Distance from Venue :4.9 Miles
Travel Time : 8 minutes by car

Menu

ALL MEALS INCLUDE NAAN – ON THE SIDE IN CHAFER , MANGO CHUTNEY & GREEN SALAD

MOUTH-WATERING MEALS

**PRE-PURCHASE MEALS**

SECURE YOUR MEALS IN ADVANCE BY PRE-ORDERING THROUGH OUR WEBSITE (NABCAPP.COM) OR CHITTA SAHA (Phone- 914-519-8171, chittasaha@hotmail.com)

## FRIDAY

**STANDARD DINNER $33/ person**

| NON VEG | VEG |
|---|---|
| PLAIN RICE | PLAIN RICE |
| DAL MAKHANI | DAL MAKHANI |
| PANEER & POTATO PEAS | PANEER & POTATO PEAS |
| RUI FISH KALIA | DOI BEGUN |
| GULAB JAMUN | GULAB JAMUN |

## SATURDAY

**STANDARD LUNCH $30 / persom**

| NON VEG | VEG |
|---|---|
| JEERA RICE | JEERA RICE |
| PALAK WITH - CHANNA | PALAK WITH - CHANNA |
| DAL MAKHANI | DAL MAKHANI |
| CHICKEN- DOPIAZI | SPINACH - PANEER |
| JALEBI | JALEBI |

## SATURDAY

**STANDARD DINNER $33/person**

| NON VEG | VEG |
|---|---|
| VEGE BIRYANI | VEGE BIRYANI |
| CHANNA DAL | CHANNA DAL |
| DHOKA WITH - ALOO | DHOKA WITH- ALOO |
| GOAT CURRY | MALAI KOFTA |
| ROSGULLA | ROSGULLA |

## SUNDAY

**STANDARD LUNCH $30 / person**

| NON VEG | VEG |
|---|---|
| LEMON RICE | LEMON RICE |
| YELLOW DAL | YELLOW DAL |
| KASHMIRI - DUM ALOO FISH | KASHMIRI DUM - ALOO |
| MALABAR | BHINDI MASALA |
| KHEER (PAYES) | KHEER (PAYES) |

## SUNDAY

**STANDARD DINNER $33 /person**

| NON VEG | VEG |
|---|---|
| NAWAABI- BIRYANI | NAWAABI- BIRYANI |
| MOONG DAL | MOONG DAL |
| NAVARATTAN- KORMA | NAVARATTAN- KORMA |
| GOAT CURRY | MUTTER PANEER |
| RASMALAI | RASMALAI |

*46th North American Bengali Conference 2026*




## Book Fair and Pavilion

The NABC 2026 Book Fair will serve as a vibrant literary hub celebrating Bengali and global literature, bringing together authors, publishers, readers, and cultural enthusiasts under one roof.

A book fair is more than a marketplace—it is a dynamic platform where literature, ideas, and culture intersect, fostering meaningful interactions between creators and audiences.

**Participation Opportunities**

Authors & Publishers: Showcase and sell your books
Organizations: Promote literary and cultural initiatives
Attendees: Experience a rich literary environment

**Please visit Nabcapp.com**

**For stall bookings and participation details, please contact:**

Subho Nath - subhankar.nath@gmail.com
Sudipta Chattopadhyay - rumkibua@gmail.com

**Stalls at the Book Fair Pavilion in NABC 2026 - Many More**

NABC 2026 : New York

# NABC

North American Bengali Conference

## 2026 New York

Westchester County Center : White Plains : New York

2-3-4-5 JULY 2026




Inaugural Address at NABC 2026

SWAMI SARVAPRIYANADA

## Swami Sarvapriyananda

Resident Minister
The Vedanta Society of New York



The Vedanta Society of New York has been the home of some of the most illustrious monks of the Ramakrishna Order, starting with Swami Vivekananda to the present-day Swami Sarvapriyananda.

Swami Sarvapriyananda has been the Minister and spiritual leader of the Vedanta Society of New York since January 2017. He joined the Ramakrishna Math in 1994 and received sannyasa in 2004.

Swami Sarvapriyananda is a well-known speaker on Vedanta and his talks are extremely popular globally via the internet. He has been a speaker on various prestigious forums such as TEDx, SAND, Google Talk etc. He has also been invited to speak at several universities across the world, including Harvard University.

PUBLICATION

Mahavakya: The Essence of Vedanta, Fullness & Emptiness: Vedanta and Buddhism, and From Illusion to Infinity: Discovering the Self. The more recent book Conversations on Vedanta in Practice is a curated collection of question and answer sessions with the Swami, on topics of practical importance. The wide range of his writings reflect his deep engagement with comparative philosophy and the application of Vedantic wisdom in daily life. He has also contributed essays and research papers on the Upanishads, the Bhagavad Gita, and the philosophy of consciousness.

46th North American Bengali Conference

Venue: Westchester County Center, White Plains, New York

Dates: NABC 3-4-5 July 2026; Pre NABC Concert 2 July 2026

Hosted By: CAB — Cultural Association of Bengal ESTB 1971 & Partners.

CAB is the Founder & Grantor of NABC since 1981

Visit : www.nabc2026.com Visit & Install App : www.nabcapp.com E mail : cabnabc2026@gmail.com Phone : 516 669 0079

## বিশেষ বিজ্ঞপ্তি

২০২৬এর বঙ্গ সম্মেলনে CAB যাঁরা আমেরিকায় বাংলা ভাষা, বাঙালির কৃষ্টি সংরক্ষন ও প্রসারের প্রয়াসী এবং যাঁরা বাঙালি কমিনিউটির উন্নয়ন ও অগ্রগতির প্রচেষ্টা করছেন, এমন সমাজসেবীদের মধ্যে থেকে দু একজনকে সি এ বি সম্মান ফলক প্রদান করবে। এ সম্মানপ্রাপ্তির জন্য আপনি যদি কারো নাম সুপারিশ করতে চান, তা হলে তাঁর নাম, ও তাঁর সেবাকর্মের সংক্ষিপ্ত (200 words) বিবরণ দিয়ে প্রদত্ত email এ ১৫ই এপ্রিলের মধ্যে পাঠিয়ে দিন।

Email – sbcabusa2025@gmail.com

## Special Notice

Every year CAB recognizes persons who have devoted themselves for the spread, conservation and upliftment of Bengali Language, Bengali Culture and Bengali Communities in North America. If you want to recommend any such person to CAB for this "Recognition", please send his name with a short profile (200 words) via the email given here before April 15, 2026.

Email - sbcabusa@gmail.com

## ভুল সংশোধন

এপ্রিল মাসের 'সংবাদ বিচিত্রা'-র কবিতা বিভাগে প্রকাশিত "মেয়েটি" কবিতার রচয়িতা ছিলেন অরুন্ধতী সরকার। ভুলবশত অন্য একটি নাম মুদ্রিত হয়েছিল। অনিচ্ছাকৃত এই ত্রুটির জন্য আমরা আন্তরিকভাবে ক্ষমাপ্রার্থী।

— সম্পাদকমণ্ডলী

কবিতা

# মেয়েটি


**অরুন্ধতি সরখেল**

মেরীল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র


মেয়েটির নাম হাসি
নাচে গায় তবলা বাজায় ছবি আঁকে
ও কবিতা লেখে
মা বাবা তাকে আদর করে
রোদ্দুর বলে
তার একটা গোপন ঘরের
নাম ছিল আনন্দ
যেখানে nri হবার কোনো
চাপ ছিলোনা ছিল শুধু
অবাধ সৃষ্টির স্বাধীনতা
মানুষ বদলায় জীবন বদলায়

বেশ কম বয়সে দেশান্তরী হবার ঝড়
পাঁচ বার বাড়ি বদলানো ও
দুই বাচ্চার ঢেউ সামলে
কখন ও যে কল্লোলের নিউ জার্সি'তে
কখনো ম্যাডিসন স্কয়ারে বিরজু মহারাজের
দলে, কখনো সুনীলদা, নীরেনদা, শ্রীজাতর
সঙ্গে কবিতা পাঠ, কখনো অনুশ্রী শঙ্কর ও
বন্দনা সেনের ওয়ার্কশপে,
বাবা চলে যায়, মা চলে যায়,
দেশ ঝাপসা হয়ে আসে,
কখন যেন সুদূর বিদেশ, দেশ হয়ে যায়...



ফিচার

রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মজয়ন্তীতে শ্রদ্ধা নিবেদন।


# বেতার ও রবীন্দ্রনাথ:- অম্ল-মধুর সম্পর্কের আখ্যান

পায়েল চট্টোপাধ্যায়
পশ্চিমবঙ্গ, ভারত

১৯৩৭ সাল। বেতারের এক মহারাজা এসেছেন সাহিত্যের গুরুর সঙ্গে সাক্ষাৎ করতে। তিনি অপেক্ষা করছেন কথা বলার জন্য। ক্ষিতিমোহন সেনের সহায়তায় বেতারের সম্রাট বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র দেখা করার সুযোগ পেয়েছিলেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে। কবি তখন অসুস্থ। দার্জিলিং যাওয়ার প্রস্তুতি চলছে। কবির সঙ্গে দেখা করে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র জানালেন তাঁর ইচ্ছের কথা। আসলে বেতারের ইচ্ছের কথা। রবীন্দ্রনাথকে বেতারে পাওয়ার ইচ্ছে প্রকাশ করেছিলেন বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র। তিনি তাঁর স্মৃতিচারণায় এই বিষয়ে লিখেছেন । রবীন্দ্রনাথ ঠাকুর বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের অনুরোধে বলেছিলেন "তোমাদের এই রেডিও যন্ত্রটি ভবিষ্যতে অনেক উৎপাত বাঁধাবে বুঝতে পারছি, ওর মধ্যে আবার আমায় টানাটানি কেন? আমার শরীর অপটু, তাছাড়া বাইরে যাচ্ছি, অনেক লেখার কাজ রয়েছে। তাই এখন তো সময় হবে না।" সরাসরি প্রত্যাখ্যান করেছিলেন বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রকে। তিনি হাল ছাড়েননি। যদিও কবি বার বার প্রত্যাখ্যান করেছেন বেতারকে। কখনো বলেছেন "না বাপু, এই বয়সে আর কোথাও যাওয়া আমার পোষাবে না, তাছাড়া আরেকটা কথা কী জানো, ওই যন্ত্রের সামনে বসে কবিতা পড়তেও আমার ভালো লাগে না, কীরকম বাধো বাধো ঠেকে। মানুষকে না দেখে তাঁর উদ্দেশে লেখা যায়, কিন্তু তাঁকে চোখে না দেখে ভালো করে শোনানো যায় কি করে তা তো বুঝতে পারছি না।" যে সময় রবীন্দ্রনাথ বেতারের প্রসঙ্গে এই কথাগুলি বলেছিলেন তার কয়েক বছর আগেই মানুষের জীবনে প্রবেশ করেছিল রেডিও। কিন্তু এই প্রসঙ্গে রবীন্দ্রনাথের ভাবনা ছিল ভিন্ন। শুরুর দিকে রেডিও থেকে দূরত্ব রেখেই চলতেন। তাই কখনো বলেছেন "আমার গানের একটা নিজস্ব সুর আছে, সেটাকে যদি কোন শিল্পী তাঁর খুশিমতো অদল-বদল করে তাহলে মনে হয় সকলে মিলে আমার উপর উৎপীড়ন করছে। ওদিকটায় লক্ষ্য রেখো তোমরা।"

১৯২৭ সালের ২৩ শে জুলাই সে সময় মুম্বাইতে ভারতবর্ষের প্রথম বেতার কেন্দ্রের যাত্রা শুরু হয়। ১৯২৭ সালের ২৬ শে অগাস্ট কলকাতা বেতার কেন্দ্রে সম্প্রচার শুরু হয়। সে সময় এক নম্বর গার্স্টিন প্লেসের একটি ভাড়া বাড়ি থেকেই সম্প্রচার শুরু হয়েছিল। সে সময় রবীন্দ্রনাথ ঠাকুরের বয়স ছিল সময় ৬৬ বছর। প্রাথমিকভাবে কবিগুরুর মন জয় করতে পারেনি বেতার। এই অপছন্দের কারণ বোধহয় ভরসার অভাব। অথচ রবীন্দ্রনাথ সে সময় বিশ্বজোড়া এক নাম। তিনি তখন খ্যাতির শীর্ষে অবস্থান করছেন। হয়তো একটা অপছন্দের আবহ তৈরি করতে চেয়েছিলেন যাতে বেতার কর্তৃপক্ষ তাঁর কাছে পোঁছে যান। ঠিক এমনটাই হয়েছিল। সাহিত্য, সংস্কৃতি এবং শিক্ষা জগতে রবীন্দ্রনাথ ঠাকুর তখন অভিভাবক। অথচ নতুন সৃষ্টি হওয়া বেতারের সহায়তা তিনি নিজেও নেননি বা বলা যেতে পারে তাঁর সৃষ্টিকে বেতারের মাধ্যমে মানুষের কাছে পৌঁছে দেওয়ার চেষ্টাও করেনি।। কিন্তু শুরু থেকেই বেতারের কর্তৃপক্ষ রবীন্দ্রনাথকে এবং তাঁর সৃষ্টিকে বরাবর প্রাধান্য দিয়েছে। বেতার কর্তৃপক্ষও কলকাতা বেতারের সূচনার দিনেই উদ্বোধনী অনুষ্ঠানে রবীন্দ্র সঙ্গীতকে সূচিতে রেখেছিলেন এবং পরবর্তী সময়ও রবীন্দ্রনাথের গান, কবিতা, নাটক বেতারে সম্প্রচারিত হয়েছে। ১৯৩৬ সালের পর থেকে কবির কাছে বেতার কর্তৃপক্ষের তরফ থেকে বারবার প্রতিনিধি পাঠানো হয়েছিল, রবীন্দ্রনাথকে বিতারে আসার জন্য বা তার সৃষ্টিকে বেতারের দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছিল, কিন্তু নানার অনুযোগে কবি রাজী হননি।

১৯৩৭ সালে প্রথম দিকে কলকাতা বেতারের কর্তৃপক্ষের তরফ থেকে রবীন্দ্রনাথের কাছে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কলকাতা বেতারের প্রোগ্রাম ডিরেক্টর নৃপেন্দ্রনাথ মজুমদার শিশির কুমার ভাদুড়ির সঙ্গে রবীন্দ্রনাথের কাছে গিয়েছিলেন। এ সময় বেতারের উপর ভারী অসন্তুষ্ট ছিলেন কবি। তাঁর অভিযোগ ছিল কয়েকজন সংগীত বিশেষজ্ঞ বেতারে তাঁর গানের ওপর দিয়ে রীতিমতো স্টিমরোলার চালাচ্ছেন। তারপর বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র চেষ্টার ত্রুটি করেননি কবির এই অসন্তোষ দূর করতে। কিন্তু সহজে মন গলেনি কবির। ১৯৩৮ সালে স্টেশন ডিরেক্টর স্টিপেলটন দীর্ঘ সময়ের ছুটিতে গেলে তাঁর জায়গায় অস্থায়ী স্টেশন ডিরেক্টর হিসেবে যোগ দিয়েছিলেন অশোক কুমার সেন। তিনি শান্তিনিকেতনে গিয়েছিলেন কবিগুরুর সঙ্গে দেখা করার জন্য। কবিগুরু তাঁকে জানিয়েছিলেন যে স্টুডিওর মধ্যে হারমোনিয়ামের



দৌরাত্ম্যের কারণেই তিনি সরাসরি বেতারের সঙ্গে কাজ করতে ইচ্ছুক নন। এই প্রসঙ্গে ১৯৪০ সালের জানুয়ারি মাসে রবীন্দ্রনাথ ঠাকুর একটি চিঠি লিখেছিলেন অশোক কুমার সেনকে। তিনি জানিয়েছিলেন স্টুডিওয় হারমোনিয়াম ব্যবহারের কারণেই তিনি আকাশবাণী স্টুডিওয় আসতে চাইছেন না। কবিগুরু তাঁর সঙ্গীতের সঙ্গে হারমোনিয়ামের ব্যবহার বন্ধ করতে চেয়েছিলেন। রবীন্দ্রনাথের কথা রাখা হয়েছিল বেতারের তরফ থেকে। ১৯৪০ সালের ১লা মার্চ থেকে ৮ই জুলাই ১৯৭৫ সাল পর্যন্ত বেতারে রবীন্দ্রসঙ্গীতের সঙ্গে হারমোনিয়াম বাজানো বন্ধ ছিল।

১৯৩৮ সালে অশোক কুমার সেনের সঙ্গে এই সাক্ষাৎকারটি রবীন্দ্রনাথের বেতারের প্রতি অসন্তোষ দূর করতে সমর্থ হয়। তিনি এটাও স্বীকার করে নেন যে রবীন্দ্র সঙ্গীত প্রচারের ব্যাপারে বিশ্বভারতীর সক্রিয় সহযোগিতা করা উচিত। রেডিও এবং কবিগুরুর মধ্যে যাবতীয় অসন্তোষ অবশেষে দূর হয়। এই কথার সূত্র ধরেই সুরেশ চন্দ্র চক্রবর্তীকে শান্তিনিকেতনে পাঠানো হয়েছিল কিছু শিল্পী নির্বাচনের জন্য। প্রথমে ১২ জন শিল্পী নির্বাচিত হয়। এদের মধ্যেই অন্যতম ছিলেন অরুন্ধতী গুহ ঠাকুরতা যিনি পরবর্তীকালে অরুন্ধতী দেবী নামে বিখ্যাত হন।

এই প্রসঙ্গে একটি বিশেষ তথ্য উল্লেখ করা যেতে পারে। ১৯৩৬ সালে বিশ্বভারতীর জন্য অর্থ সংগ্রহের লক্ষ্যে রবীন্দ্রনাথ ভারতের (অবিভক্ত ভারতবর্ষ) নানা প্রান্তে ভ্রমণ করছিলেন। যেমন এলাহাবাদ, লাহোর, পাটনা এমনকীৎদিল্লিও এসেছিলেন। তখন রবীন্দ্রনাথ ঠাকুরের বয়স ছিল ৭৫। দিল্লিতে কবিকে মহাত্মা গান্ধী ষাট হাজার টাকা সংগ্রহ করে দিয়েছিলেন। এই সময় দিল্লি বেতার কেন্দ্র থেকে রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা পাঠ প্রচার করা হয়েছিল। নিজের কণ্ঠেই কবিতা পাঠ করেছিলেন তিনি। ১৯৩৬ সালের ৩০শে মার্চ কবিগুরুর এই কবিতা পাঠ প্রচারিত হয়েছিল। কিন্তু কলকাতা বেতার কেন্দ্র রবীন্দ্রনাথকে পেয়েছিল অনেক পরে। ১৯৩৮ সালে রবীন্দ্রনাথ ঠাকুর এবং কলকাতা বেতারের মধ্যে যাবতীয় অসন্তোষের শেষ হয়। কলকাতা বেতার কেন্দ্রের অস্থায়ী স্টেশন ডিরেক্টর তখন অশোক কুমার সেন। তাঁর উদ্যোগেই কবিগুরুর আগ্রহ তৈরি হয়েছিল বেতারের প্রতি।

এরপর বেতারের জন্য এটি উল্লেখযোগ্য দিন আসে। ১৯৩৮ সালের ২৫ শে বৈশাখ। কবি সে সময় কালিংপংয়ের গৌরীপুর লজে ছিলেন। অশোক কুমার সেনের অনুরোধে কালিংপং থেকে সরাসরি 'জন্মদিন' কবিতাটি কবি কণ্ঠে সম্প্রচারিত হয় কলকাতা বেতার কেন্দ্র থেকে। শুধুমাত্র এই কারণেই সেদিন কালিংপং-এ ট্রাঙ্ক টেলিফোন যোগাযোগ ব্যবস্থা স্থাপন করা হয়েছিল।

সেদিন রাত আটটার সময় কবি কণ্ঠে উচ্চারিত হয় "আজ মম
জন্মদিন
সদ্যই প্রাণের প্রান্তপথে
ডুব দিয়ে উঠেছে সে
বিলুপ্তির অন্ধকার হতে
মরনের ছাড়পত্র নিয়ে।"

১৯৩৮ সালের আগস্ট মাসে কলকাতা বেতারের শর্টওয়েভ ট্রান্সমিশনের উদ্বোধন উপলক্ষে বেতার জগতের একটি বিশেষ সংখ্যার জন্য রবীন্দ্রনাথ ঠাকুরের কাছে একটি লেখা চাওয়া হয়েছিল। তৎকালীন কর্তাব্যক্তি নলিনীকান্ত সরকার এবং সুরেশ চন্দ্র চক্রবর্তী তাঁর কাছ থেকে লেখাটি চেয়েছিলেন। শান্তিনিকেতনে গিয়ে তাঁরা অনুরোধ করেছিলেন কবিকে। কিন্তু কবি তখনও অসুস্থ। প্রাথমিকভাবে প্রত্যাখ্যাত হয়ে ফিরে আসতে হয় তাঁদের। পরে হঠাৎ করেই একটি চিঠি আসে তাঁদের কাছে। দু'লাইনের একটি কবিতা লেখা ছিল সেখানে। রবীন্দ্রনাথ ঠাকুর পাঠিয়েছেন। ধরার আঙিনা হতেই ওই শোনো উঠিল আকাশবাণী/ অমরলোকের মহিমা দিল যে/ মর্ত্যলোকেরে আনি।"
এভাবেই ধীরে ধীরে কবিগুরুর সঙ্গে বেতারের তিক্ত সম্পর্ক মুছে গিয়ে সুন্দর সংযোগ স্থাপিত হয়েছিল। তাঁর বহু কাজই সম্প্রচারিত হয়েছে আকাশবাণী কলকাতায়। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'শেষের কবিতা'র বেতার নাট্যরূপ কলকাতা বেতার কেন্দ্র থেকে প্রচারের অনুমতি দেন। অভিনয় করেছিলেন প্রমথেশ বড়ুয়া, যমুনা দেবী, সুপ্রভা মুখোপাধ্যায় প্রমুখ অভিনেতা-অভিনেত্রীরা। এই নাটকটি শুনে কবি নিজেও যথেষ্ট খুশি হয়েছিলেন।

কলকাতা বেতারের একটি জনপ্রিয় অনুষ্ঠান সংগীত শিক্ষার আসর। গান শেখানো হয় এই অনুষ্ঠানটির মাধ্যমে। রবীন্দ্রনাথ পঙ্কজ কুমার মল্লিককে রবীন্দ্র সংগীত শেখানোর অনুমতি দিয়েছিলেন এই অনুষ্ঠানে। তবে একটি শর্ত ছিল তাঁর। তিনি চেয়েছিলেন তাঁর গানের সঙ্গে তবলার ব্যবহার যেন মৃদু হয়, গানকে ছাপিয়ে কোন বাদ্যযন্ত্রই যেন নিজের উপস্থিতি না জাহির করে। ঠিক এভাবেই গান শেখাতেন পঙ্কজ কুমার মল্লিক। একবার মাত্রই গার্স্টিন প্লেসের বেতার কেন্দ্রের ভাড়া বাড়িটিতে এসেছিলেন রবীন্দ্রনাথ। অশোক কুমার সেনের আমলেই এটা সম্ভব হয়েছিল। ডক্টর শশীভূষণ সেন-এর কাছে চোখ পরীক্ষা করাতে নিয়ে এসেছিলেন অশোক কুমার সেন। কবিকে না জানিয়েই চোখ পরীক্ষা করানোর পর তাঁকে কলকাতা বেতার কেন্দ্রে নিয়ে আসেন সেই সময়ের স্টেশন ডিরেক্টর অশোক কুমার সেন। সে সময় অবশ্য বেতারের সঙ্গে কবির তিক্ততা বিলীন হয়েছে।

১৯৪৮ সালের জুলাইতে অসুস্থ কবিকে শান্তিনিকেতন থেকে কলকাতায় নিয়ে আসা হয়। অস্ত্রোপচারের পর কবি কেমন থাকেন তা বেতারের মাধ্যমে মানুষকে জানানোর সিদ্ধান্ত নিয়েছিল বেতার কর্তৃপক্ষ। এই কাজের ভার ছিল বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের উপর। অবশেষে আসে সেই দিন। বাইশে শ্রাবণ। কবির চলে যাওয়ার দিন। মহাশ্মশান থেকে কবির অন্তিম যাত্রার ধারাবিবরণী রেকর্ড করেছিলেন বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র, যা প্রচারিত হয়েছিল রেডিওতে। আজও এটি রেডিওর কাছে সম্পদ। এখনো রেডিওতে রবীন্দ্রনাথ ঠাকুরের সৃষ্টির উপস্থিতি আগের মতোই রয়েছে। বরং রেডিও এবং রবীন্দ্রনাথ একে অপরকে আঁকড়ে ধরেই এগিয়ে চলেছে। প্রতিদিন প্রচারিত হয় রবীন্দ্রসংগীত। আকাশবাণীর সংগ্রহশালাও রবীন্দ্রনাথের সৃষ্টিতে পরিপূর্ণ। কবির জন্ম এবং মৃত্যুর দীর্ঘ বছর পরেও বেতার ও রবীন্দ্রনাথের সেতু আজও একই রকম ভাবে অটুট ও অক্ষুন্ন রয়েছে।



শ্রদ্ধার্ঘ্য

# সঙ্গীতের দুই নক্ষত্র


## কোহিনূর কর

ম্যাসাচুসেটস, মার্কিন যুক্তরাষ্ট্র




বাংলায় 'এক বৃন্তে দুটি ফুল' এই রূপকটি আমরা মাঝেমধ্যে ব্যবহার করে থাকি। ভারতীয় সঙ্গীতের ইতিহাসে যে দুই সহোদরা সম্রাজ্ঞী বেশ কয়েক দশক ধরে অগুনতি মণি-রত্ন উপহার দিয়েছেন তাঁদের নতুন করে পরিচয় দেওয়ার কিছু নেই। একজন ভারতরত্ন লতা মঙ্গেশকর (১৯২৯-২০২২), আর অন্যজন পদ্মবিভূষণ আশা ভোঁশলে (১৯৩৩-২০২৬)।

মা সরস্বতীর নিজে হাতে গড়া যে সঙ্গীত প্রতিভা, ভারতীয় সঙ্গীত ও চলচ্চিত্র শিল্পে তাঁদের অবদানের প্রকৃত মূল্য এই ছোট্ট প্রতিবেদনের মাধ্যমে হাজির করা প্রায় অসম্ভব বলা যায়। তবে তাঁদের এক অত্যন্ত গুণমুগ্ধ শ্রোতা হিসাবে বিনম্র শ্রদ্ধা জানাতে এই সামান্য প্রয়াস।



অন্বেষা দত্তগুপ্ত আজ এক প্রতিষ্ঠিত সংগীত শিল্পী, গীতিকার ও সুরকার। প্রথমে লতাজি সম্বন্ধে তাঁর বক্তব্য শোনা যাক। "আমার কাছে লতাজি ছিলেন এমনই এক মাধ্যম, যার মাধ্যমে আমি ভারতের চলচ্চিত্র সঙ্গীত এবং প্লেব্যাক গানের সাথে ভালোভাবে পরিচিত হতে পেরেছি। তাঁর কর্মজীবনই অনুপ্রেরণার মূর্ত প্রতীক এবং এর জন্য আমার অনুমোদনের প্রয়োজন নেই। তবে আমি বোঝার চেষ্টা করছি যে, বর্তমান পরিস্থিতিতে এত দশক ধরে শ্রোতাদের মুগ্ধ করা কি আদতে সম্ভব? উপযুক্ত সময়ে প্রতিভাবান নির্মাতারা একজন কিংবদন্তিকে গড়ে তোলার পক্ষে অনুকূল পটভূমি তৈরি করতে পারে। আমরা এই সহজ সত্যটা অস্বীকার করতে পারি না যে, যদিও মহান ব্যক্তিরা নিঃসন্দেহে জন্মগতভাবেই প্রতিভাবান হন, কিন্তু তাঁদের প্রতিভার বিকাশ ঘটে সঠিক পরিবেশে ও গুণীজনের সাহচর্যে। আমার ব্যক্তিগত ভাবনাগুলো প্রকাশ করতে পেরে আমি নিজেকে ভাগ্যবান মনে করছি।"



বাংলারই আরেক গুণী সঙ্গীত শিল্পী, গীতিকার ও শিক্ষিকা ছন্দা পন্ডিতের মতানুযায়ী, "আমি যাঁর গান শুনে বড় হয়েছি পরবর্তী ক্ষেত্রে শিল্পী হিসেবে তাঁর গানকে পছন্দের তালিকার প্রথম সারিতে রেখেছি, বিশ্বব্যাপী যাঁর অবাধ বিচরণ, সেই মহামানবীকে আমার নতমস্তক প্রণাম জানাই। লতাজির গায়কী, তাঁর আবেগ, তাঁর কোকিল কণ্ঠী স্বর গানের মিষ্টত্বের সীমা পেরিয়ে এসে হৃদয় ছুঁয়ে যায়। এক একটা গান একেক বারে কতবার করে যে শুনি তার ইয়ত্তা নেই, আবার প্রত্যেকবারেই নতুন কিছু শিখি। কান কে অসাধারণ শক্তিশালী না করলে তাঁর সুর ক্ষেপনের প্রত্যেকটি চলন বোঝা খুব মুশকিল। আবার গান গাওয়ার মাঝখানে কোথায় কতটা শ্বাস নিতে হয় বা বিভিন্ন ভাষায় গাওয়ার ক্ষেত্রে তিনি যেভাবে প্রত্যেকটি ভাষাকে আত্মস্থ করে তবেই গাইতেন, সেসব বিষয় আমার কাছে ভীষণ রকম শিক্ষণীয়। আমার মনে হয় আমাদের সাক্ষাৎ মা সরস্বতী অকৃত্তিমতা দিয়ে আমাদের যেভাবে ভরিয়ে দিয়েছেন এই পৃথিবীতে যতদিন মানুষ বেঁচে থাকবে ততদিন তাঁর গান সর্বোচ্চ শিখরে অবস্থান করবে।"

সম্প্রতি আমরা সঙ্গীতের আর এক নক্ষত্র আশাজিকে হারালাম; তবে তাঁর অসংখ্য সৃষ্টি আমাদের মনের মধ্যে বিশাল জায়গা জুড়ে আছে ও থাকবে। সম্প্রতি তাঁর সম্বন্ধে অন্বেষা দত্তগুপ্তর কাছে জানতে চেয়েছিলাম। অন্বেষার কথায়, "আমার মনে হয়, তিনি (আশাজি) নিঃসন্দেহে আমাদের দেশের—এমনকি হয়তো সারা বিশ্বেরই—সবচেয়ে বহুমুখী প্রতিভার অধিকারী অন্যতমা গায়িকা। এমন কোনও গানের ধরন খুঁজে পাওয়া কঠিন, যা তিনি গাননি। তিনি তাঁর কাজের যে বিশাল ভাণ্ডার রেখে গেলেন, তাতে রয়েছে অসামান্য বৈচিত্র্য। তাঁর এই কর্মসম্ভার আমার কাছে ভীষণভাবে অনুপ্রেরণার ছিল এবং আজও তা সমানভাবে অনুপ্রেরণা দিয়ে চলেছে। তাঁর গান শিখেই আমি বড় হয়েছি। যখন আমি তাঁর গান শুনতাম, তখন আমার মনের ভেতর একজন শিল্পী হওয়ার প্রবল আকাঙ্ক্ষা জেগে উঠতো। সুতরাং তিনি এমন একজন মানুষ, যাঁর কাছে আমি চিরকাল ঋণী থাকবো।"

লতাজি এবং আশাজির কণ্ঠে বাংলা, হিন্দী ও অন্যান্য ভাষায় হাজার হাজার গান সঙ্গীতপ্রিয় ভারতীয়দের কাছে অমূল্য সম্পদ হয়ে থাকবে। এই দুই দেবীতুল্য গুণীজনের উদ্দেশ্যে আমাদের সশ্রদ্ধ প্রণাম জানাই।

ভ্রমণ

# অরুণাচলে আর কিছু দিন



সঞ্চারী চ্যাটার্জী
কলকাতা, ভারত

ঠিক যেখানে অরুণাচলের গল্প শেষ করেছিলাম সেখান থেকেই তবে শুরু করা যাক। কারণ গল্পের ক্লাইম্যাক্স অংশটাই যে এখনো বাকি আছে! সাংতির পালা শেষ করে পরের দিন ভোর ভোর বেরিয়ে পড়লাম তাওয়াং এর উদ্দেশ্যে। তবে ভোরবেলা সাংতির পাহাড়ি বালিকার সঙ্গে একটা ছবি তো তুলতেই হতো। সে বেচারি সুদূর আসামে মা দিদি দাদা সকলকে ছেড়ে একা পড়ে রয়েছে এখানে। আমাদের কারুর বয়স ২৭ কারুর ৩০ শুনে তার চক্ষু চড়কগাছ। তার মধ্যে একজন আবার বিবাহিত অথচ ছেলে বরকে বাড়িতে রেখে একাই চলে এসেছে এসব শুনে তো তার বিস্ময়ের সীমা পরিসীমা নেই। তবে আমাদের তিনজনকে নাকি তার ভারি ভাল লেগেছে। বললো "তোমরা কি সুন্দর আমার সঙ্গে কথা বলছো, আমি কথা বলতে খুব ভালোবাসি, কিন্তু এখানে যারা আসেন হয় ফোনে ব্যস্ত আর নাহলে নিজেদের মধ্যে কথা বলে। আমাকে বিশেষ পাত্তা দেয়না।" বুঝলাম পোস্টমাস্টারের রতনের মতোই সে বেচারিও একটু ভালোবাসার কাঙালিনী। তাওয়াং যাওয়ার পথে আমাদের তিনবার গাড়ি পাল্টানোর কথা ছিল। সেই রাস্তায় কতকিছু যে দেখলাম। এক জায়গায় দেখি সেনাবাহিনীর গাড়ি খারাপ হয়ে গেছে। পরপর গাড়ির লাইন। আমাদের ড্রাইভার তো মনের আনন্দে ঘুমিয়ে নিলো। হঠাৎ দেখি এক বাঙালি কাকু কাকিমা চাদর সোয়েটার সামলে ছুটে আসছেন, পিছনেই শিং বাগিয়ে তেড়ে আসছে একটা চমরি গাই। ওই যে ছোটবেলায় পড়েছিলাম ওয়াই-তে ইয়াক, ইয়াক মানে চমরি গাই। চমরি গাইয়ের তাড়া দেখে আমরা তো হেসে কুটোপাটি। বেলার দিকে পৌঁছলাম জাং ফলস। শুনলাম এখানেই নাকি মাধুরীর কোয়েলা ছবির শুটিং হয়েছিল। জাং ফলসে পৌঁছতেই নামল বৃষ্টি। তাড়াতাড়ি পাশেই শেডের তলায় গেলাম। সেখানে চমৎকার লেবু চা খেলাম। জাং ফলসে বৃষ্টি দেখতে দেখতে লেবু চা খাওয়া, আহা সে কি মজা। তাওয়াং পৌঁছতেই হাড় কেঁপে গেল ঠান্ডায়। বিকেল বেলা তাওয়াং মনাস্ট্রি দেখতে বেরোলাম বটে, কিন্তু ঠ্যাং বলছিল অত হাঁটতে পারবো না। সেইজন্য মাঝরাস্তা থেকেই পাহাড়ে সন্ধে নামা দেখতে দেখতে আর মনাস্ট্রি থেকে ভেসে আসা বিকেলের প্রার্থনা শুনতে শুনতে হোমস্টের পথ ধরলাম। এদিকে ফোন রয়ে গেছে আরেক বান্ধবীর কাছে। হোমস্টে ফিরে আমাকে দেখতে পেয়ে ওরা নিশ্চিন্ত।

পরের দিন বুমলা পাস যাওয়ার কথা। ড্রাইভার দাদা বললেন আগে মাধুরী লেক দেখে তারপর যাব বুমলা পাস। সেইমতো মাধুরী লেকে নামতেই লেকের হাওয়ায় মনে হচ্ছিল যেন জমে যাব। স্টাইল তখন চুলোয় যাক, কপাল পর্যন্ত টুপি আর চাদর দিয়ে ঢেকে নিয়েছিলাম।মাধুরী লেকের পর বুমলা পাস, আমাদের গল্পের একেবারে ক্লাইম্যাক্স পার্ট। গাড়ি থেকে নামতেই টের পেলাম এটা একটু কঠিন জায়গা হতে চলেছে আগেরগুলোর চেয়ে। বন্ধুদের বললাম তোরা একটু আস্তে হাঁটিস। তবে দু পা যেতে না যেতেই হঠাৎ বমি পেল। ততক্ষণে বন্ধুরা জয় হিন্দ ভারত মাতা কি জয় বলতে বলতে এগিয়ে গেছে। বমি হতে দেখে এক জওয়ান উদ্ধার করে পৌঁছে দিলেন সোজা আর্মি ক্যাম্পের হসপিটালে। মুখে অক্সিজেন মাস্ক লাগিয়ে দেওয়া হল। পালস রেট চেক করতে এসে আর্মির ডাক্তার ঘাবড়ে গিয়ে বলছেন আপনার পালস রেট ৪৫, আমি স্মার্টলি জিজ্ঞেস করলাম "কত হওয়া উচিত?" উনি হাসতে হাসতে বললেন ৭২। কিন্তু পালস রেটের চিন্তা বাদ দিয়ে আমার মাথায় তখন অন্য চিন্তা। মনে মনে ভাবছি ধুর নিকুচি, এরা যদি খুঁজে না পায় তখন কি হবে? ওদিকে সত্যিই ওরাও খুঁজে না পেয়ে একটু চাপে পড়ে গেছে। মোটামুটি সুস্থ হয়ে পার্কিং এরিয়ায় এসে দাঁড়িয়েছি, দেখি ড্রাইভার হনহন করে এসে বলছেন 'আরে আপনাকে দুবার খুঁজে গেছি, কোথায় ছিলেন?' আমি বললাম, 'হসপিটালে'।



তাওয়াংএ একপ্রকার যুদ্ধ জয় করার পর এবার নামার পালা। আমাদের শেষ গন্তব্য ছিল বমডিলা। তবে বমডিলা যে বালকের গাড়িতে এলাম, সেই ড্রাইভার বোধহয় আগের দিন খতরো কি খিলাড়ি অথবা ফাস্ট অ্যান্ড ফিউরিয়াস দেখে ফেলেছিলেন। ভোর থেকেই তার অ্যাড্রিনালিন একেবারে ফুটছে। পাহাড়ে ১০০ এ স্পিড তুলে গাড়ি হাঁকাচ্ছিলেন তিনি। কখনো আবার এক হাতে গাড়ি চালাচ্ছে, কখনো ফোনে বলছে 'পাত্থর তোড়ো লেকিন মেরা দিল না তোড়ো', আর এদিকে আমরা মনে মনে ভাবছি ভাই ভালয় ভালয় পৌঁছে দে, আমাদের দুজনের এখনো বিয়ে হয়নি, সৌমীদির বর, বাচ্চা ওর জন্য অপেক্ষা করছে। যাইহোক সেই আশিক ড্রাইভার আমাদের অক্ষত অবস্থায় বমডিলা পৌঁছে দিলেন। দুপুরে খেয়েদেয়ে আমরা বেরোলাম ক্রাফট মিউজিয়াম দেখতে। মিউজিয়ামের সামনেই দেখি চমৎকার একটা মনাস্ট্রি। তাওয়াং মনাস্ট্রিতে আমার যাওয়া হয়নি। এখানে আর সেই সুযোগ মিস করিনি। মনাস্ট্রির পিছন দিকটা অপূর্ব সুন্দর, সেখানে কয়েকটা ছবি তুলে এসে দেখি সাগ্নিকার কোলে এক গুবলু। তিনি সুন্দর পোজ দিলেন আমাদের সঙ্গে। মনাস্ট্রি ঘুরে গেলাম ক্রাফট মিউজিয়াম। জায়গাটার কথা যে বেশি টুরিস্ট জানে না তা স্পষ্ট। দোতলায় সেমিনার রুম, সেখানেই এক মনে তিনজন কার্পেট বুনছেন। সেই কর্মদক্ষতা দেখার মতো। জিজ্ঞেস করে জানলাম একেকটা কার্পেট নিজে হাতে পুরোপুরি তৈরি করতে নাকি একমাসেরও বেশি সময় লেগে যায়। একতলায় মিউজিয়ামে ঢুকতেই চোখে ঝিলমিল লেগে গেল। অসাধারণ নিখুঁত সব হাতের কাজ। সেখান থেকে হোটেল ফিরে ঠিক করলাম অরুণাচলের শেষ রাত একটু পেটপুজো করতে হবে। সেই মতো খোঁজ পাওয়া গেল কমু'জ কিচেন-এর। তবে রাত দশটায় সন্ধে হওয়া তিন বাঙালি কন্যে ভেবেছি রাত আটটা আর এমন কি রাত, এই ভেবে সেখানে যেতে গিয়ে দেখি প্রায় সব দোকানেরই ঝাঁপ পড়তে শুরু করেছে। যদিও আমাদের গন্তব্য খোলাই ছিল, তবে আমরাই ছিলাম শেষ কাস্টমার। দুর্দান্ত স্বাদের ফ্রায়েড মোমো, পর্ক নুডলস আর ড্রাই চিলি পর্ক খেয়ে আমরা যখন ফেরার পথ ধরেছি তখন ঘড়িতে দশটা, আমরা তিনজন ছাড়া গোটা রাস্তায় কেউ নেই। হোটেলের লোক



ফোন করে বলছেন "আপনারা না আসা অব্দি হোটেলের দরজা বন্ধ করতে পারছি না।" ফিরে তাড়াতাড়ি ব্যাগ গুছিয়ে শুয়ে পড়লাম। পরের দিন শেষবার অরুণাচলকে টাটা বলে পাহাড় দেখতে দেখতে গৌহাটির পথ ধরলাম।

ছোটবেলা থেকে অনেক বার পাহাড় গেছি, প্রতিবারই মা বাবার সঙ্গে। তবে বন্ধুদের সঙ্গে প্রথমবারেই সিধে অরুণাচল চলে যাব এ কথা আমিও ভাবতে পারিনি। ট্রিপটা হতোই না যদি না সাগ্নিকা সাহস দিতো। সেই সঙ্গে সৌমীদিও একেবারে অচেনা একটা মেয়েকে দশ দিনে যথেষ্ট কেয়ার করেছে। কখনো মনেই হয়নি আমরা একে অন্যকে স্টেশন গিয়ে প্রথম দেখছি। এই দশ দিনে দু চোখ ভরে যেমন পাহাড় দেখেছি, তেমন নিজের মতো উপভোগও করেছি প্রাণ খুলে। সাংতির বারান্দায় ভোর দেখা, তাওয়াং এর পাহাড়ি পথে প্রার্থনা শুনতে শুনতে সন্ধে নামতে দেখা, জামিরির নাগমন্দিরের রাস্তায় হেঁটে চলা, মুহূর্তগুলো ভোলার নয়। কিছু বেড়ানো মানুষের ভেতরকার শক্তি, সাহস অনেকটা বাড়িয়ে দেয়। এই ট্রিপটাও আমার কাছে তেমনই। অরুণকান্তি অরুণাচলের গল্প আপাতত শেষ হল। পাহাড়ের গল্প আবার পরে কখনো নতুন করে লেখা যাবে নাহয়।

